

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৩৪
অমরপুর, ১৫ নভেম্বর, ২০২৪

রাংকাং পঞ্চায়েতে টার্শিয়ারি ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের উদ্বোধন

অমরপুর মহকুমার রাংকাং পঞ্চায়েতে গতকাল এক অনুষ্ঠানে টার্শিয়ারি ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের উদ্বোধন করা হয়। গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায় এই প্রকল্পের উদ্বোধন করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দাস, অমরপুর ব্লক বিএসি'র চেয়ারম্যান রবিন্দ্র জমাতিয়া, অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা প্রমুখ। এই টার্শিয়ারি ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণে ব্যয় হয়েছে ২ কোটি ১৪ লক্ষ টাকা।

টার্শিয়ারি ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের উদ্বোধন করে গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায় বলেন, এই প্ল্যান্টটি স্বচ্ছ ভারত মিশনের একটি অঙ্গ। এখানে বর্জ পদার্থগুলি এনে রিসাইকেলের মাধ্যমে সার তৈরী করা হবে। এই সার কৃষি কাজে ব্যবহার করা হবে। নগরপঞ্চায়েত, গ্রামপঞ্চায়েত ও ভিলেজ থেকেও আবর্জনাগুলি সংগ্রহ করা হবে। তার জন্য ৩টি স্বসহায়ক দলকে নিযুক্ত করা হয়েছে। এটা শুধু সরকারি সম্পদ নয়, এলাকারও সম্পদ। তাই এর রক্ষণাবেক্ষণে সবার সহযোগিতা করতে হবে।
